

সংসদে শিক্ষামন্ত্রী
প্রশ্নপত্র ফাঁসের
বিষয়ে গুজব
ছড়ানো হয়

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি এখন জীবন-মরণ যুদ্ধ হয়ে দাঁড়িয়েছে। এ নিয়ে সামাজিক ষোণাযোগ মাধ্যমে গুজব তোলা হয়। মানুষকে বিভ্রান্তির মধ্যে তেলে দেওয়া হয়। প্রশ্নপত্র ফাঁসরোধে সরকারের গৃহীত নানা পদক্ষেপের কথা ডুলে ধরে তিনি বলেন, এখন প্রশ্নপত্র ফাঁস করা মোটেই সহজ নয়। গতকাল সোমবার জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে স্বতন্ত্র সদস্য স্বপন ভট্টাচার্যের সম্পূর্ণক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন।

নাহিদ বলেন, বিএনপি-জামায়াত জোটের লাগাতার হরতাল-অবরোধ, জ্বালাও-পোড়ার এবং ধ্বংসাত্মক কর্মকাণ্ডের কারণে দেশে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে শিক্ষার্থীরা। শিক্ষা কার্যক্রম ব্যাঘাত ঘটায় এবং শিক্ষার উপযুক্ত পরিবেশ না থাকার কারণেই এবার এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল খারাপ হয়েছে। পাশাপাশি নতুন অন্তর্ভুক্ত সৃজনশীল পদ্ধতি বিষয়ে অনেক শিক্ষক শিক্ষার্থীদের ঠিকমতো বোঝাতে না পারা ফল খারাপ হওয়ার আরেকটি কারণ।

অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, এ বছর ১০ হাজার ৭৭৫টি শিক্ষাপ্রতিষ্ঠান ভবন নির্মাণ করা হবে। সংসদ সদস্যরা প্রত্যেকে ১০টি করে শিক্ষাপ্রতিষ্ঠানের নাম দিন। অর্থ বরাদ্দ সাপেক্ষে আমদা পর্যায়ক্রমে এসব নতুন ভবন নির্মাণ হবে দেব।

জাতীয় পার্টির সদস্য এম এ হুসাইনের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, শিক্ষার মান নিশ্চিত করতে না পারায় এবং সাময়িক অনুমতিপত্রের শর্ত পূরণে ব্যর্থ হওয়ায় পাঁচটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। এদের মধ্যে একটি উচ্চ আদালতের রায় নিয়ে শিক্ষা কার্যক্রম ফের চালু করেছে।

জেলা-উপজেলায় আবাসিক এলাকা : সব জেলা ও উপজেলায় একটি করে আবাসিক এলাকা গড়ে তোলা হবে বলে জানিয়েছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। গতকাল জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরো জানান, এরই মধ্যে কয়েকটি জেলা-উপজেলায় এ প্রক্রিয়া শুরু হয়ে গেছে। সংসদ সদস্যদের ডিও লেটার পাওয়া গেলে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ উদ্যোগ নেবে।